

# রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের দই হলের নাম পরিবর্তন

নিজস্ব বার্তা পরিবেশক, রংপুর

: শনিবার, ০৮ ফেব্রুয়ারী ২০২৫



রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শেখ পরিবারের নামে থাকা দুটি হলের নাম পরিবর্তন করা হয়েছে। সেই সাথে বেরোবি শিক্ষার্থী শহীদ আবু সাইদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে ১৬ জুলাই বিশ্ববিদ্যালয়ে সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। আজ শনিবার সন্ধ্যায় বেরোবির সিন্ডিকেট সভায় সর্বসম্মত ভাবে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। বিষয়টি নিশ্চিত করেছেন উপাচার্য অধ্যাপক ড. শওকত আলী।

বেরোবি উপাচার্য জানান রোকেয়া বিশ্ববিদ্যালয়ের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের নাম পরিবর্তন করে বিজয়-২৪ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের নাম পরিবর্তন করে শহীদ ফেলানী হল রাখা হয়েছে।

তিনি আরও জানান, বিশ্ববিদ্যালয়ের ১৬ জুলাই শহীদ আবু সাইদের স্মরণে ছুটির দিন ঘোষণা করা হয়েছে। বন্ধ থাকবে ক্লাস পরীক্ষা। তবে ওই দিন প্রশাসনিক কাজ চলবে। এছাড়া দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ১৬ জুলাই আবু সাইদের স্মরণে ক্লাস পরীক্ষা বন্ধ রাখার আহ্বান জানানো হয়।

এ ছাড়া জুলাই আগষ্ট আন্দোলতে আহত শিক্ষার্থীদের বেতন ও উন্নয়ন ফি মওকুফ করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

উপাচার্য বলেন প্রতিবছর ভাষার মাস ফেরুয়ারীতে বিশ্ববিদ্যালয় প্রশাসনের উদ্যোগে শহীদ আবু সাঈদের নামে ৭ দিনব্যাপী বইমেলা আয়োজনের সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে। সিন্ডিকেট সভায় কর্মকর্তা কর্মচারীদের আপগ্রেডেশন প্রদান প্রভাষক নিয়োগ সহ আরও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেয়া হয়েছে।